ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৬৯৬

আগরতলা, ২ সেপ্টেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"বাইরে থেকে গ্রুপ-ডি না এনে ঘাটতি মেটাতে বহির্রাজ্য থেকে ভালো ডাক্তার চাইছেন রাজ্যবাসী," এই শিরোনামে স্যন্দন পত্রিকায় গত ২৯ আগস্ট, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদটির পরিপ্রেক্ষিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে,বিশেষজ্ঞ মেডিক্যাল অফিসারের প্রয়োজনীয়তা উপলব্ধি করে, দপ্তর জিডিএমও, স্পেশালিস্ট মেডিক্যাল অফিসার এবং সুপার স্পেশালিস্ট মেডিক্যাল অফিসার পদে শূন্যপদ পূরণের জন্য টিপিএসসি-এর মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া শুরু করেছে।এই উদ্যোগের অংশ হিসেবে সম্প্রতি ৪৫ জন স্পেশালিস্ট মেডিক্যাল অফিসার এবং দু'জন সুপার স্পেশালিস্ট মেডিক্যাল অফিসারকে নিয়োগপত্র প্রদান করা হয়েছে। দপ্তর বাকি শূন্যপদ পূরণের লক্ষ্যে নিয়োগ প্রক্রিয়া চালিয়ে যাচ্ছে, যাতে কর্মীর অভাবে স্বাস্থ্যসেবা ব্যাহত না হয়।ত্রিপুরাতে আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ, টিএমসি অ্যান্ড বিআরএএম টিচিং হাসপাতালের মতো স্বনামধন্য চিকিৎসা প্রতিষ্ঠান রয়েছে, যেখানে প্রতি বছর বিপুল সংখ্যক মেধাবী শিক্ষার্থী এমবিবিএস এবং বিশেষজ্ঞমেডিক্যাল ডিগ্রি অর্জন করেন। রাজ্য সরকার এই যোগ্য ব্যক্তিদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে প্রতিশ্রুতিবদ্ধ,যাতে স্বাস্থ্য পরিষেবা এবং রাজ্যের সামগ্রিক উন্নয়নের জন্য স্থানীয় প্রতিভাকে কাজে লাগানো যায়।এটি পরিলক্ষিত হয়েছে যে রাজ্যে বাইরের প্রার্থীরা কিছু বছরের অভিজ্ঞতা অর্জনের পর চাকরি ছেড়ে চলে যান, যার ফলে তাদের কর্মস্থলে স্বাস্থ্য পরিষেবা ব্যাহত হয়। সরকার দক্ষ পেশাদারদের দীর্ঘমেয়াদী সময়ের জন্য ধরে রাখতে এবং পরিষেবার ধারাবাহিকতা বজায় রাখতে স্থায়ী পরিকল্পনাগ্রহণের জন্য সমস্ত প্রাসঙ্গিক বিষয়গুলো মূল্যায়ন করে চলেছে।নাগরিকদের বিশ্বমানের স্বাস্থ্য পরিষেবা প্রদানে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর ইতিমধ্যেই এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালে বিভিন্ন সুপার স্পেশালিটি পরিষেবা চালু করেছে, যা নাগরিকদের চিকিৎসার মান উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

*****